ডেভন লাইব্রেরীসমূহ স্বাগতম!

Bengali/বাংলা

No:2

বই, সংগীত, চলচ্চিত্র, অনুষ্ঠান, ইতিহাস, তথ্য, কম্পিউটার ও আরও অনেক কিছুর দুনিয়ায় আপনাকে স্বাগত জানাই!

লাইব্রেরিগুলি বন্ধুত্বপূর্ণ এবং আপনাকে স্বাগত জানায়, আর আপনি বিনা খরচে এগুলি ব্যবহার করতে পারেন। আপনি লাইব্রেরিতে বই দেখতে পারেন বা পড়াশোনা করতে পারেন, বাচ্চাদের শিশুদের অনুষ্ঠানে নিয়ে আসতে পারেন, তথ্য জিজ্ঞাসা করতে পারেন বা লাইব্রেরির কম্পিউটারগুলি ব্যবহার করতে পারেন।

আপনি লাইব্রেরিতে যোগ দিলে বই ধার নিতে পারবেন, ডিভিডি, সিডি ও অডিওবুক ভাড়া করতে পারবেন, এবং লাইব্রেরির একজন সদস্য হিসেবে আপনি দিনে আধ ঘণ্টা সময় বিনামূল্যে লাইব্রেরির কম্পিউটার ব্যবহার করতে পারবেন। আপনার সন্তানরাও যোগ দিতে পারে - এমনকি বাচ্চারাও লাইব্রেরির সদস্য হতে পারে! এর জন্য আপনার কোনও খরচ হবে না, এবং আপনাকে শুধু আমারেদকে কয়েকটি বিবরণ দিতে হবে, যেমন আপনার নাম ও ঠিকানা। আপনি যদি ডেভনে বাস না করেন, এখানে ঘুরতে এসে থাকেন, তাহলে আপনার ডেভনের ঠিকানার পাশাপাশি আমাদের আপনার বাড়ির ঠিকানাও জানা প্রয়োজন।

আপনাকে একটা লাইব্রেরির কার্ড দেওয়া হবে। আপনি যা কিছু ধার নিতে চান, তার সাথে অনুগ্রহ করে এটিকে কাউন্টারে নিয়ে যান (বা কিছু লাইব্রেরিতে স্বয়ং-সেবা কিওস্কে)। বিনামূল্যে বই ধার নেওয়া যায়, কিন্তু আপনি যদি সেগুলিকে দেরিতে ফেরত দেন তাহলে আপনাকে সামান্য মূল্য দিতে হবে। ডিভিডি, সিডি ও অডিওবুক ভাড়া নেওয়ার জন্য মূল্য দিতে হয়।

আপনি সর্বাধিক নিম্নলিখিত সংখ্যক ধার নিতে পারেন:
৩ সপ্তাহের জন্য ১২ টি বই
১ সপ্তাহের জন্য ৪টি ডিভিডি
১ সপ্তাহের জন্য ৪টি গানের সিডি বা ৩ সপ্তাহের জন্য ৪টি অডিও বুক
৩ সপ্তাহের জন্য ৪টি ভাষার কোর্স

(*১৬ বছরের কম বয়স্ক এবং অক্ষমতাযুক্ত ব্যক্তিদের ক্ষেত্রে এর তারতম্য হয়)

আপনি যদি আরও ২১ দিন বই রাখতে চান, তাহলে জিজ্ঞাসা করুন - সাধারণত এর উত্তর হ্যাঁ হয়!

আপনি যা কিছু ধার নেবেন, তার দায়িত্ব আপনার, তাই অনুগ্রহ করে আপনার লাইব্রেরি কার্ড বা লাইব্রেরির অন্য কোনো জিনিস অন্য কাউকে ধার দেবেন না, এবং আপনার কার্ড হারিয়ে গেলে বা চুরি হয়ে গেলে অথবা আপনার ব্যক্তিগত বিবরণের কোনও পরিবর্তন হলে আমাদেরকে জানান।

লাইব্রেরীর ব্যাপারে আপনার কোন প্রশ্ন থাকলে বা আপনার কোনও অক্ষমতা থাকলে এবং আপনি যদি জানতে চান যে আমরা কীভাবে আপনাকে সাহায্য করতে পারি, তাহলে অনুগ্রহ করে লাইব্রেরিতে জিজ্ঞাসা করুন। অথবা আপনি আমাদেরকে devlibs@devon.gov.uk এ ই-মেইল করতে পারেন বা 0845 155 1001 নম্বরে আমাদের কাস্টমার সার্ভিস সেন্টারে ফোন করতে পারেন (কর্মদিবসে সকাল ৮টা- রাত ৮টা এবং শনিবার সকাল ৯টা - দুপুর ১টা)। আপনি ফোন করলে, রেকর্ড করা বার্তার পরে কারও সাথে কথা বলার জন্য শুধু লাইনটা ধরে থাকুন।

এই পাতার উল্টোদিকে আপনি ডেভনে লাইব্রেরির কম্পিউটার ব্যবহার করা বিষয়ে কিছু তথ্য পাবেন।

লাইব্রেরির কম্পিউটার ব্যবহার করা

লাইব্রেরিতে কম্পিউটার ব্যবহার করতে হলে আপনার একটা লাইব্রেরি কার্ড প্রয়োজন। আপনি যদি সংক্ষিপ্ত সময়ের জন্য ডেভনে ঘুরতে এসে থাকেন, তাহলে আপনি আমাদেরকে আপনার নাম জানালে সাময়িকভাবে কম্পিউটার ব্যবহার করতে পারেন – আমরা আপনাকে একটা কাগজের স্লিপ দেব যেটিতে একটি সংখ্যা ছাপানো থাকবে।

আপনি একটা কার্ড বা অস্থায়ী স্লিপ পাওয়ার পরে, কিছু লাইব্রেরিতে আপনি কম্পিউটার ব্যবহার শুরু করার জন্য আপনার কার্ড বা স্লিপের সংখ্যাটি টাইপ করতে পারেন। অন্যান্য লাইব্রেরিতে আপনাকে কাউন্টারের কর্মীদেরকে অনুরোধ করতে হবে আপনাকে একটা কম্পিউটার বুক করে দেওয়ার জন্য।

শুরু করার আগে, আপনাকে অবশ্যই ক্লিক করে স্বীকার করতে হবে যে আপনি আমাদের নীতি মেনে নিচ্ছেন। বিশেষ করে আপনাকে আইনের সীমার মধ্যে থাকতে হবে এবং অবৈধ বা অশ্লীল ওয়েবসাইট দেখার চেষ্টা করা উচিত নয়। ইন্টারনেট ও ই-মেইল সার্ভিস ব্যবহারের রেকর্ড রাখা হয় ও পর্যবেক্ষণ করা হয়, এবং আমরা যদি সন্দেহ করি যে কেউ কম্পিউটারের অপব্যবহার করছেন তাহলে আমরা সেটা যাচাই করতে পারি।

লাইব্রেরির সদস্যরা দিনে আধ ঘণ্টা সময় বিনামূল্যে কম্পিউটার ব্যবহার করতে পারেন। আপনি যদি একজন পরিদর্শক হন তাহলে মূল্য দিতে হবে। প্রত্যেককে প্রিন্ট নেওয়ার জন্য মূল্য দিতে হয়, যা লাইব্রেরির কাউন্টারের একটি প্রিন্টার থেকে করা হয়। যখন আপনার সেশনের ৫ মিনিট সময় বাকি থাকবে, তখন স্ক্রীনে একটি সতর্কীকরণ দেখতে পাওয়া যাবে। আপনার যদি আরো বেশি সময় প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে সতর্কীকরণ দেখতে পাওয়ার সাথে সাথে কর্মীদের জিজ্ঞাসা করুন। আপনাকে অতিরিক্ত সময়ের জন্য মূল্য দিতে হবে। বর্তমান মূল্যগুলি লাইব্রেরিতে একটি পোস্টার ও লিফলেটে দেওয়া আছে এবং লাইব্রেরির ওয়েবসাইটেও উল্লেখ করা আছে।
আপনি যদি আপনার কাজ রেখে দিতে চান, তাহলে আপনি সেটিকে একটি ইউএসবি ড্রাইভে বা অন্য কোনও বাহ্যিক সরঞ্জামে সংরক্ষণ করতে পারেন। আপনি এটিকে কম্পিউটারে সংরক্ষণ করতে পারবেন না।

আপনার বয়স যদি ১২ বছরের কম হয়, তাহলে আপনি ই-মেইল ব্যবহার করতে পারবেন না এবং আপনি শুধুমাত্র তখনই ইন্টারনেট ব্যবহার করতে পারবেন (কিছু বিশেষভাবে নির্বাচিত ওয়েবসাইট ছাড়া) যদি আপনার মা-বাবা, আইনী সেবাকারী/অভিভাবক বা দাদা-দাদী/নানা-নানী লাইব্রেরির কর্মীদের বলেন যে আপনি এটা করতে পারেন।

আপনার বয়স যদি ১৩-১৫ বছর হয় তাহলে আপনি ইন্টারনেট ব্যবহার করতে পারবেন এবং আপনার মা-বাবা, আইনী সেবাকারী /অভিভাবক বা দাদা-দাদী/নানা-নানী লাইব্রেরির কর্মীদের বলেন যে আপনি ইমেলও ব্যবহার করতে পারেন তাহলে আপনি সেটাও করতে পারবেন।

লাইব্রেরির কর্মীরা আপনাকে কম্পিউটারে সাইন অন করতে সাহায্য করতে পারেন এবং আপনাকে কিছু সাহায্য ও সহায়তা দিতে পারেন, তবে আপনি যদি আগে কখনও কম্পিউটার ব্যবহার না করে থাকেন অথবা আপনার যদি জটিল সহায়তা দরকার হয়, তাহলে আপনাকে একটি প্রশিক্ষণের কোর্সে যোগ দিতে হবে। লাইব্রেরির কর্মীরা আপনাকে একটি কোর্সের সন্ধান করতে সাহায্য করতে পারেন – প্রায় ক্ষেত্রেই এগুলি বিনামূল্যে পাওয়া যায়। কিছু লাইব্রেরিতে বিশেষ সময়ে কর্মীরা আপনাকে কিছু মৌলিক প্রশিক্ষণ দিতে পারেন।

আপনার আরও জানার দরকার হলে অনুগ্রহ করে কর্মীদের কাছে জানতে চান।

আশা করি যে আপনি ডেভন লাইব্রেরীসমূহ ব্যবহার করাকে উপভোগ করবেন!